যায়যায়দিন

তারিখ ..... 7 MAY 2009 ..
পৃষ্ঠা ২৫ কলাম ..... ৫ ......

### বাকৃবির নিরাপত্তা পুলিশের হাতে

# ৪ হলে গভীর রাতে তল্লাশি দেশি অস্ত্র উদ্ধার

বাকৃবি প্রতিনিধি

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ে (বাকৃবি) মঙ্গলবার ছাত্রলীগের দুই গ্রুপের মধ্যে ধাওয়া-পাল্টা ধাওয়া ও সংঘর্ষের জের ধরে চারটি আবাসিক হলে গভীর রাতে পুলিশি তল্লাশি হয়েছে। এছাড়া যে কোনো ধরনের নাশকতা এড়াতে বিশ্ববিদ্যালয়ের আইন-শৃঙ্খলা নিয়ন্ত্রণের দায়িত্ব ময়মনসিংহ পুলিশ প্রশাসনের কাছে হস্তান্তর করা হয়েছে। গতকালের পুলিশি অভিযানে ১৭টি রামদা, হকিস্টিক, রড, লাঠিসোঁটা, দেড় শতাধিক মদের বোতলসহ একটি টেলিভিশন উদ্ধার করা হয়েছে। ক্যাম্পাসে অতিরিক্ত পুলিশ মোতায়েন করা হয়েছে।

প্রত্যক্ষদর্শী সূত্রে জানা যায়, মঙ্গলবার দুপুরে ছাত্রলীগের অন্তর্কোন্দলের জের ধরে ক্যাম্পাসে ধাওয়া-পাল্টা ধাওয়া হয়। এ সময় বিচ্ছিন্ন সংঘর্ষে বিশ্ববিদ্যালয়ের রাজু, শ্রীকান্ত, মোর্শেদ, সজীব, ইমরান, আরাফাত, শুভ, সানিসহ ১০-১২ শিক্ষার্থী আহত হয়। এদিকে এ সংঘর্ষের রেশ ধরে বিভিন্ন আবাসিক হলে বিচ্ছিন্ন রুম ভাংচুরের ঘটনা ঘটে। এ ঘটনায় ক্যাম্পাসের পরিস্থিতি উত্তপ্ত হয়ে উঠলে বিশ্ববিদ্যালয় প্রশাসন ক্যাম্পাসের সার্বিক নিরাপত্তার ভার পুলিশ প্রশাসনের হাতে ছেড়ে দেয়। পরে মঙ্গলবার রাতে হোসেন শহীদ সোহরাওয়ার্দী হল; শহীদ শামসুল হক হল, বঙ্গবন্ধু চার : পৃষ্ঠা ১৫ কলাম ৬

### চার : হলে

(শেষ পৃষ্ঠার পর)

শেখ মুজিব হল এবং শহীদ নাজমুল আহসান হলে পুলিশ তল্লাশি চালায়। বুধবার এ অভিযানের আওতায় হাদিস ও সোহেল নামে দুই বহিরাগতকে আটক করা হয়। এ ঘটনায় ক্যাম্পাসে থমথমে অবস্থা বিরাজ করছে।